

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

৭০৯ ৫৩৮২৫২
সংস্করণ
সহকারী পরিচালক (প্রশাসনিক)
সংস্করণ

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৪.১৬.১৪১.১৯-৬২৩

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ:
০৩ ডিসেম্বর ২০১৯ খ্রি:

বিষয়: একাদশ জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৫ম বৈঠকের কার্যবিবরণী ১০(ক) সিদ্ধান্ত অনুযায়ী তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১। প্রাগম এর সমন্বয় ও মনিটরিং শাখার স্মারক সংখ্যা ৩৮.০০.০০০০.০০৫.১৯.৩২৮ তারিখ: ২৬ নভেম্বর ২০১৯ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে একাদশ জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৫ম বৈঠকের কার্যবিবরণী পাওয়া গেছে। কার্যবিবরণীর ১০ (ক) এ সিদ্ধান্ত গৃহীত হয় যে “মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) প্রথম পর্বে ১৩৪টি উপজেলায় প্রকল্পের কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি দৈবচয়নের ভিত্তিতে প্রকল্পভুক্ত এলাকার জনপ্রতিনিধি এবং স্থানীয় শিক্ষাবিদদের মতামত গ্রহণ সাপেক্ষে শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত দক্ষতা অর্জন করেছে কিনা তা খতিয়ে দেখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরবর্তী সভায় রিপোর্ট উপস্থাপনের সুপারিশ করা হয়”।

এমতাবস্থায় উল্লিখিত সিদ্ধান্তের বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক কাঙ্ক্ষিত তথ্যাদি সংগ্রহ করে আগামী ০৫(পাঁচ) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

‘বিষয়টি অতীব জরুরী’

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
.....(সকল) জেলা।


০৬.১২.১৯
তপন কুমার ঘোষ
মহাপরিচালক
ফোন: ৯৮৮৭৮৯৫

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিবু (তাকে প্রকল্প এলাকার সকল প্রোগ্রাম অফিসারগণকে সহকারী পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থার সাথে সমন্বয় করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা.....জেলা:
- ৩। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (পত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। নির্বাহী পরিচালক,(তাকে উপরোক্ত বিষয়ে তথ্য সংগ্রহে সহযোগিতা করার অনুরোধ করা হলো)।

৯.৩। সভাপতি বলেন, রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রক্ষ) প্রকল্পটি শেষ হয়ে যাওয়ায় উক্ত প্রকল্পের ট্রেনিং কো-অর্ডিনেটরদের মানবিক কারণ বিবেচনায় সেকেন্ড চান্স এডুকেশন কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার দাবি সংসদীয় কমিটির নিকট পেশ করেছেন। তিনি এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রণালয়ের সচিবের দৃষ্টি আকর্ষণ করেন।

১০। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

(ক) মৌলিক সাক্ষরতা প্রকল্পের (৬৪ জেলা) প্রথম পর্বে ১৩৪টি উপজেলায় প্রকল্পের কার্যক্রমে বস্তাবয়ন অগ্রগতি দৈবচয়নের ভিত্তিতে প্রকল্পভুক্ত এলাকার জনপ্রতিনিধি এবং স্থানীয় শিক্ষাবিদদের মতামত গ্রহণ সাপেক্ষে শিক্ষার্থীরা কাজিকত দক্ষতা অর্জন করেছে কিনা তা খতিয়ে দেখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরবর্তী সভায় রিপোর্ট উপস্থাপনের সুপারিশ করা হয় ;

(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নন ক্যাডার কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক প্রয়োজনীয় জনবল কাঠামো তৈরি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার পদে বিভাগীয় প্রার্থী হিসেবে প্রধান শিক্ষকদের পদোন্নতির বিধান রাখার কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করার সুপারিশ করা হয় ;

(গ) রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রক্ষ) প্রকল্পটি শেষ হয়ে যাওয়ায় উক্ত প্রকল্পের ট্রেনিং কো-অর্ডিনেটরদের সেকেন্ড চান্স এডুকেশন কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয় ;

(ঘ) শিক্ষার্থীদের লিখন কার্যক্রমে উৎসাহিত করার জন্য শিক্ষক ও সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সুপারিশ করা হয়;

১১.০। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বেলা ১টা ২০ মিনিটে বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।



(মোস্তাফিজুর রহমান, এমপি)

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ।